



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

৩১ আগস্ট ২০২২

বাউবির লাইব্রেরিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন



বাউবির গাজীপুর ক্যাম্পাসের লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন ফলক উন্মোচন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের উদ্যোগে ৩১ আগস্ট ২০২২, বুধবার বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে লাইব্রেরির বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি স্থাপন অনুষ্ঠান উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। অনুষ্ঠান উদ্বোধনের পর উপাচার্য বলেন, শোকাবহ আগস্ট যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে বাউবি মাসজুড়ে নানা অনুষ্ঠান ও কর্মসূচি পালন করেছে। বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন তারই একটি অংশ। উপাচার্য আরো বলেন, বাংলাদেশের আরেক নাম বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুর জন্ম না হলে বিশ্বে আমরা স্বাধীন জাতি হিসেবে কখনোই সম্মান পেতাম না। বিভিন্ন প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের মাধ্যমে নতুন প্রজন্ম বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ সম্পর্কে অনুপ্রাণিত হয়ে সোনার বাংলা বিনির্মাণে ভূমিকা রাখবে। যুগে যুগে কুচক্রী মহল বাংলাদেশের ইতিহাস থেকে বঙ্গবন্ধুর নাম মুছে ফেলার পায়তারা করেছিল কিন্তু তাঁর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই ষড়যন্ত্র বানচাল করেছেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মুহা: শফিকুল আলম। এসময় বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত) সঙ্গীতা মোরশেদ।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)